**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-08-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) গন্ডাতুইসা সফরে গিয়ে মুখ্যমন্ত্রী আজ একগুচ্ছ প্যাকেজ ঘোষনা করেছেন ।**

**(২) মুখ্যমন্ত্রী বলেছেন, যারা আতঙ্কের পরিবেশ সৃষ্টি করছে তাদের কঠোরভাবে মোকাবিলা করা হবে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তিন-দেশীয় সফরে আজ সন্ধ্যায় প্রথমে ফিজির উদ্দেশ্যে রওয়ানা হচ্ছেন।**

**(৪) ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে আজ রাজ্যের ৩৫টি ব্লকে শান্তিপূর্ণভাবে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ সম্পন্ন হয় ।**

**********************************************************

**CM-Gandatuisa-1:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা শান্তির পরিবেশ বজায় রাখতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, শান্তি ছাড়া দেশ কিংবা রাজ্য এগিয়ে যেতে পারে না। আজ গন্ডাতুইসায় সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন যারা বিভিন্নভাবে আতঙ্কের পরিবেশ সৃষ্টি করছে তাদের কঠোরভাবে মোকাবিলা করা হবে।

#####Byte#####

মুখ্যমন্ত্রী আজ গন্ডাতুইসায় সাম্প্রতিক ঘটনার পরিপ্রেক্ষিতে বেশ কিছু প্যাকেজ ঘোষণা করেন। মহকুমা এলাকার সার্বিক উন্নয়নের লক্ষ্যে ২৩৯ কোটি ১০ লক্ষ টাকার প্রকল্পের ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে - গণ্ডাতুইসা-আমবাসা ৫১ কিলোমিটার নতুন ভাবে রাস্তা নির্মানে ১৫০ কোটি টাকা। নারায়ণপুর বাজারে ৩০ টি মার্কেট স্টল করা নির্মানে ১ কোটি টাকা, এবং গণ্ডাতুইসা বাজারের সামগ্রিক উন্নয়নে ১০ কোটি টাকা। এছাড়া মহকুমা এলাকায় ১৫ শয্যা বিশিষ্ট একটি রিহ্যাবিলিটেশন সেন্টার করা হবে। এরজন্যে ব্যয় হবে ৫ কোটি টাকা, মহকুমা এলাকায় দশটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মানে ১ কোটি ৩০ লক্ষ টাকা, হাতি মাথা-দলপতির ৯ কিলোমিটার সড়ক নির্মানে ১২ কোটি টাকা, জমাতিয়া পাড়ার সড়ক তৈরিতে ৭ কোটি ৫০ লক্ষ টাকা, মহকুমায় ব্যাডমিন্টন কোর্ট তৈরিতে ২ কোটি টাকা, গণ্ডাতুইসা স্কুল মাঠটিকে সিন্থেটিক ফুটবল মাঠ হিসেবে তৈরি করতে ৬ কোটি টাকা, বাজার এলাকায় সিসি ক্যামেরা বসাতে ১০ লক্ষ টাকা ব্যয় করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান। এছাড়াও মহকুমা এলাকার শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা সহ সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে বেশ কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছে।

তিনি বলেন মহকুমা এলাকায় নিরাপত্তার প্রশ্নে ৩৩ কেবি এবং ৩৯ কার্ড এলাকায় নিরাপত্তার জন্য দুটি ক্যাম্প বসানো হবে। তিনি বলেন প্রয়াত পরমেশ্বর রিয়াং-এর পরিবারকে আরও ৪ লক্ষ টাকা প্রদান করা হবে। প্রথম পর্যায়ে ৬ লক্ষ টাকা দেওয়া হয়েছে, সবমিলিয়ে ১০ লক্ষ টাকা প্রদান করা হবে। মুখ্যমন্ত্রী বলেন সাম্প্রতিক ঘটনায় ১৪৫টি পরিবার বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। সেইসব পরিবারে ক্ষতির নিরিখে আর্থিক সহায়তা প্রদান করা হবে। প্রথম পর্যায়ে ১ কোটি ১৪ লক্ষ ৮০ হাজার টাকা তাদের দেওয়া হয়েছে। এখন নতুন করে আরো ২ কোটি ৩০ লক্ষ ৪০ হাজার টাকা দেওয়া হবে। সবমিলিয়ে

৩ কোটি ৪৫ লক্ষ ২০ হাজার টাকা প্রদান করা হবে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে।

এরআগে মুখ্যমন্ত্রী গন্ডাতুইসা সফরে গিয়ে প্রথমেই যান নারায়নপুর এলাকায় ক্ষতিগ্রস্ত বাজার পরিদর্শনে। পরে তিনি যান প্রয়াত পরমেশ্বর রিয়াং এর বাড়িতে। সেখানে গিয়ে পরিবার-পরিজনদের সাথে কথা বলেন। এরপর মুখ্যমন্ত্রী ৩০ কার্ড এলাকায় বেশ কিছু ক্ষতিগ্রস্ত বাড়ি পরিদর্শন করেন। তিনি গণ্ডাতুইসা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে থাকা ত্রান শিবিরে গিয়ে স্কুল পড়ুয়া ছাত্র-ছাত্রীদের হাতে পঠন সামগ্রী তুলে দেন এবং অন্যানদের সাথে কথা বলেন।

আজ মুখ্যমন্ত্রীর সফরকালে তাঁর সাথে ছিলেন রাজ্যের মুখ্য সচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন সহ রাজ্য ও জেলা স্তরের উচ্চপদস্থ আধিকারিকরা।

********************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তিন-দেশীয় সফরে আজ সন্ধ্যায় প্রথমে ফিজির উদ্দেশ্যে রওয়ানা হচ্ছেন। সফরকালে তিনি ফিজির সংসদে ভাষণ দেবেন এবং ভারতীয় অভিবাসীদের সাথে মতবিনিময় সভায় অংশ নেবেন। এই সফরসূচীতে তিনি এরপর নিউজিল্যান্ড এবং তিমুর লেস্টে সফর করবেন। সপ্তাহব্যাপী এই সফরে রাষ্ট্রপতি ভারতের সাথে এই তিনটি দেশের বিভিন্ন চুক্তির প্রসার ও সেগুলো শক্তিশালী করতে দ্বিপাক্ষিক মত বিনিময় করবেন।

********************

**Panchayat Election – EDV:**

পঞ্চায়েত নির্বাচনে আজ রাজ্যের ৩৫টি ব্লকে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। উল্লেখ্য, ভোট কর্মী, নিরাপত্তা কর্মী এবং ভোটের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীরা আজ ভোট প্রদান করেছেন।

********************

**E.D.V/ Panchayat Election:**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েতের নির্বাচন উপলক্ষ্যে ঊনকোটি জেলার কুমারঘাট, গৌরনগর ও চন্ডীপুর ব্লকে আজ "ইলেকশন ডিউটি ভোট" অনুষ্ঠিত হয়।
এদিকে জেলার চন্ডীপুর ব্লকের E.D.V অনুষ্ঠিত হয় ব্লক কার্যালয় সংলগ্ন গ্রামোন্নয়ণ অফিসে। রিটার্নিং অফিসার তথা চন্ডীপুর ব্লকের B.D.O প্রসেনজিৎ মালাকার জানান, এই কেন্দ্রে ভোটারদের লাইনে দাঁড়ানোর সুবিধা দিতে শেডের ব্যবস্থা করা হয়। তাছাড়া পানীয় জলের ব্যবস্থাও করা হয়। আজকের ভোটপর্ব পর্যবেক্ষণের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের এজেন্টরাও উপস্থিত ছিলেন।

********************

**Election duty vote Gomati:**

পঞ্চায়েত নির্বাচনে আজ গোমতী জেলার চারটি ব্লকে ইলেকশন ডিউটি ভোট গ্রহণ করা হয়েছে l ভোট গ্রহণ কাজে নিযুক্ত জেলার ১ হাজার ৫০১ জন ভোটকর্মী আজ ভোট দিয়েছেন l জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক তড়িৎ কান্তি চাকমা আমাদের জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে এ খবর জানান।

********************

**Panchayat Election-Khowai:**

খোয়াই জেলাতেও ভোট কর্মীদের আজ শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ করা হয়। খোয়াই ব্লকে ৪৩৪ জন ভোটার ইলেকশন ডিউটি ভোট প্রদান করেন।

কল্যাণপুর আর ডি ব্লকে ২২১ জন ভোটার ভোট দান করেছেন। তেলিয়ামুড়া ব্লকে ২৭৬ জন ভোট কর্মী আজ শান্তিপূর্ণভাবে ভোট প্রদান করেছেন।

********************

**Panchayat Election-South Tripura:**

দক্ষিন জেলার সাতটি ব্লকেও ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের কাজে যুক্ত সরকারি কর্মচারী, পুলিশ টিএসআর সহ ভোটের কাজে যুক্ত অনান্যদের ভোটগ্রহণ সম্পন্ন হয়েছে। জোলাইবাড়ি ব্লকে ৩৭৬ জন, সাতচাঁদ ব্লকে ৩৫৫ জন, ঋষ্যমুখ ব্লকে ২৪৭ জন, ভারতচন্দ্র নগর ব্লকে ২৬১ জন, রাজনগর ব্লকে ২৯৩ জন, বকাফা ব্লকে ৯ জন ও পোয়াংবাড়ি ব্লকে ৬ জন ভোটদান করেন। আজ ভোটগ্রহণ পর্ব শান্তিতে সম্পন্ন হয়েছে বলেও জানান সংশ্লিষ্ট ব্লকের রিটার্নিং অফিসাররা৷

********************

**Polling of EDV, Sepahijala:**

সিপাহীজলা জেলার ৬টি ব্লকে সম্পন্ন হয়েছে ত্রি-স্তর পঞ্চায়েত নির্বাচনের ইলেকশন ডিউটি ভোট গ্রহণ। মোট ভোটার সংখ্যা ছিল ১৪০৪ জন। নির্বাচনের কাজে যুক্ত ভোটকর্মী, পুলিশ ও টি.এস.আর কর্মীরা সুশৃঙ্খল ভাবে লাইনে দাঁড়িয়ে তাদের মতাধিকার প্রয়োগ করেন। আকাশবাণী সিপাহীজলা জেলা প্রতিনিধি অভিজিৎ বর্ধন সরকারী সূত্রের উদ্‌বৃতি দিয়ে

জানিয়েছেন বিশালগড় ব্লকে ৩৯৩ জন, কাঁঠালিয়া ব্লকে ৩৮৪ জন, নলছড়ে ১০৯ জন, মোহনভোগে ৯৬ জন, বক্সনগরে ১১৮ জন এবং চরিলাম ব্লকে ২৯ জন ভোটকর্মী আজ তাদের ভোটাধিকার প্রয়োগ করেছে।

********************

**Bangladesh:**

বাংলাদেশে কোটা বিরোধীদের দেশব্যাপী অসহযোগ আন্দোলনে আজ বিভিন্ন হিংসাত্মক ঘটনা ঘটেছে। আন্দোলনকারীরা আলোচনায় বসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রস্তাব প্রত্যাখ্যান করেছে এবং প্রধানমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ্জামান গতকাল দেশের চলমান পরিস্থিতি নিয়ে সামরিক আধিকারিকদের সাথে কথা বলেন। তিনি বলেন বাংলাদেশের সেনাবাহিনী সর্বদাই দেশ এবং দেশবাসীর সাথে থেকেছে এবং থাকবে। এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে তার সরকারি বাসভবনে নিরাপত্তা বিষয়ক জাতীয় কমিটির বৈঠক করেন।

********************

**Dipak majumder-Blood Donation:**

আগরতলার শিবনগর মডার্ন ক্লাব ও আমরা তরুন দলের ৭২তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, খাদি বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান তথা বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, বিজেপি সদর (শহর) জেলা সভাপতি অসীম ভট্টাচার্য্য প্রমুখ। এই উপলক্ষ্যে

রক্তদান শিবির ছাড়াও দাবা, বসে আঁকো প্রতিযোগিতা, যোগাসন ও সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

********************

**Traning on 3 new law:**

নতুন তিনটি ফৌজদারি আইন বিষয়ে আজ বিচারবিভাগীয় আধিকারিক  এবং সরকারি আইনজীবীদের নিয়ে এক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয় ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে। এই কর্মসূচীতে অংশ নেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি অরিন্দম লোধ, বিচারপতি সব্যসাচী দত্তপুরকায়স্থ এবং বিচারপতি বিশ্বজিৎ পালিত, প্রমুখ ।

********************

**BJP Campaign-Add:**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৭ নম্বর আসনের বিজেপি মনোনীত প্রার্থী উত্তম দাসের সমর্থনে বেলাবরে এক বাইক র‍্যালী অনুষ্ঠিত হয়। র‍্যালীতে পশ্চিম জেলার বিজেপি'র সহ-সম্পাদক অসীম সাহা সহ এলাকার কর্পোরেটর বাপি দাস উপস্থিত ছিলেন।

********************

**Election Campaign- South Tripura:**

ভারত চন্দ্র নগর  ব্লকের ঈশানচন্দ্র নগর বাজারে আজ  জেলা পরিষদের সিপিআইএম প্রার্থী জোৎস্না দাস এবং পঞ্চায়েত সমিতির প্রার্থী কানু চৌধুরীর সমর্থনে আয়োজিত নির্বাচনী সভায় বক্তব্য রাখেন বিধায়ক দীপঙ্কর সেন, সিপিআইএম নেতা  বিজয় তিলক, নির্মল ভৌমিক, বাদল দত্ত প্রমুখ ।

********************

**Election campain at Gomati:**

পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আজ বিজেপি দলের প্রার্থীদের সমর্থনে উদয়পুর মহকুমার জামজুড়ি বাজারে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয় l সভায় বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, দুই বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন মজুমদার প্রমুখ l

********************

**Olympic Games :**

প্যারিস অলম্পিকে পুরুষদের হকির সেমি-ফাইন্যালে উঠল ভারত। আজ ভারত ৪-২ গোলে পেনাল্টি শুট আউটে গ্রেড ব্রিটেনকে পরাজিত করেছে।

********************

**National u 17 football:**

আসামের নোয়াগাঁও-এ অনুষ্ঠিত জাতীয় অনূর্ধ্ব ১৭ বছর বয়সী বালকদের ফুটবলে আজ ত্রিপুরাকে ০-১ গোলে হারিয়ে দিয়েছে উত্তরাখন্ড। আসরের লীগ রাউন্ডে তিনটি ম্যাচের দুটিতে পরাজিত হয়ে এবং একটি ম্যাচে ড্র করে কার্যত ছিটকে পড়েছে ত্রিপুরা।

********************

**2nd division Football:**

টি এফ এ আয়োজিত দ্বিতীয় ডিভিশন লীগ ফুটবলে আজ কল্যাণ সমিতি ৩-২ গোলে পরাজিত করেছে ত্রিপুরা পুলিশকে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত এই খেলায় কল্যাণ সমিতির পক্ষে বয়ার জমাতিয়া, সোয়ামহ্লপার হালাম এবং জন জমাতিয়া

গোলগুলো    করেন। খেলার দ্বিতীয়ার্ধে ত্রিপুরা পুলিশের হয়ে স্টেলিন রিয়াং দুটি গোল করেন। এই জয়ের ফলে কল্যাণ সমিতি লীগ পর্যায়ে দ্বিতীয় স্থানে উঠে এসেছে।

********************

**Khumulung football:**

খুমুলুঙ স্টেডিয়ামে আয়োজিত মহারাজা বীরবিক্রম স্মৃতি ফুটবল প্রতিযোগিতার সেমিফাইনালে উঠলো লেফুঙ্গা ইউনাইটেড। আজ প্রথম কোয়ার্টার ফাইনালে লেফুঙ্গা ইউনাইটেড ৫-১ গোলে পরাজিত করেছে খোমবার ক্লাবকে। প্রথমার্ধে ২-০ গোলে এগিয়ে যায় লেফুঙ্গা ইউনাইটেড। দ্বিতীয়ার্ধে আরো তিন গোল করেন দলের ফুটবলাররা।

********************

********************